দৈনিক সংবাদ

তারিখ 29 MAY 1990
পৃষ্ঠা ২ কলাম ২

ডাকসু নির্বাচন

# বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস জমজমাট

(নিজস্ব বার্তা পরিবেশক)

আগামী ৬ই জুন অনুষ্ঠেয় ডাকসু ও হল সংসদসমূহের নির্বাচনকে কেন্দ্র করে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস এখন জমজমাট। সকালে মধুর ক্যান্টিন, বিকেলে টিএসসি এলাকা আর রাতে হলে হলে বইছে তুমুল নির্বাচনী হাওয়া।

নির্বাচনের জন্য মনোনয়নপত্র জমা নেয়া হয়েছে, প্রকাশ করা হয়েছে ভোটার তালিকা। ডাকসুতে খসড়া প্রার্থী তালিকায় ২০টি পদের বিপরীতে নাম রয়েছে ৫৮৫ জনের, আর বর্তমান ভোটার তালিকায় রয়েছে প্রায় ২৬ হাজার ছাত্রছাত্রীর নাম। আগামী বৃহস্পতিবার মনোনয়নপত্র প্রত্যাহারের দিন পার হবার পর প্রার্থী সংখ্যা কমে যাবে। অন্যদিকে ভোটার সংখ্যা আরো বাড়তে পারে। নির্বাচনের আগের দিন পর্যন্ত ভোটার তালিকায় নাম যোগ

( শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ )

## ডাকসু নির্বাচন

(১ম পাতার পর)

হবার সুযোগ আছে বলে কর্তৃপক্ষীয় সূত্রে জানা গেছে।

নির্বাচন নিয়ে ছাত্র সংগঠনগুলো এখন প্রচণ্ড ব্যস্ত। একমাত্র জাতীয়তাবাদী ছাত্রদল ছাড়া অন্য সংগঠনগুলো ইতিমধ্যেই তাদের প্যানেল চূড়ান্ত করে তার পক্ষে প্রচারণায় কোমর বেঁধে মাঠে নেমেছে।

৯ ছাত্র সংগঠন তাদের প্যানেল নির্বাচন নিয়ে সমস্যা কাটিয়ে উঠেছে বলে জোটের একজন নেতা গতকাল জানান। গতকাল মধুর ক্যান্টিন প্রাঙ্গণে এক সমাবেশে আনুষ্ঠানিকভাবে জোটের প্যানেল ঘোষণা করা হয়। এই প্যানেল থেকে মুশতাক হোসেন (ছাত্রলীগ না-শ) ভিপি, জহিরুদ্দিন স্বপন (ছাত্র মৈত্রী) জিএস এবং নাইমউদ্দিন (ছাত্র ফ্রন্ট) এজিএস প্রার্থী হয়েছেন। তবে পদ বন্টন নিয়ে জোটভুক্ত কোন কোন সংগঠনের মধ্যে এখনো ক্ষোভ রয়ে গেছে বলে জানা গেছে।

জাতীয়তাবাদী ছাত্রদলের প্যানেল সংকট গতকাল পর্যন্তও কাটেনি। গত রোববার রাতে এ নিয়ে বিএনপি ও ছাত্রদল নেতৃবৃন্দের মধ্যে দীর্ঘক্ষণ সভা হয়েছে কিন্তু গতকাল সন্ধ্যা পর্যন্তও ছাত্রদলের সর্বসম্মত প্যানেল দাঁড় করানো যায়নি। নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে, বেগম জিয়া ঘোষিত 'আমান-খোকন' প্যানেলে কিছু পরিবর্তন এনে পুনরায় চূড়ান্ত প্যানেল হিসেবে ঘোষণা দেয়া হতে পারে। সমঝোতামূলক প্যানেল হিসেবে 'দুদু-রিপন' প্যানেলের কথাও গতকাল শোনা যায়। ছাত্রদল নেতা সানাউল হক নিরু রিপনকে সমর্থন করছেন। ছাত্রদলের মধ্যে রিপনবিরোধী মনোভাব তীব্র হয়ে ওঠায় প্যানেল থেকে তার বাদ পড়ে যাবার সম্ভাবনাও বেড়ে গেছে। এ নিয়ে বিএনপি'র উচ্চ পর্যায়ের সাথে নিরু'র সম্পর্কের অবনতি হবার মত পরিস্থিতি ইতিমধ্যেই তৈরী হয়েছে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।

এদিকে ছাত্রলীগের (হা-অ) 'আলম-কামরুল' পরিষদ, ছাত্র ইউনিয়নের 'বাবুল-নাসির' পরিষদ, জাতীয় ছাত্রলীগের 'বুলবুল-কামাল' পরিষদ প্রভৃতির সমর্থনে গতকাল ক্যাম্পাসে প্রচার সমাবেশ ও মিছিল হয়েছে। ক্রীড়া সম্পাদক পদে ছাত্রলীগের (হা-অ) প্রার্থী ফুটবলার জনি এবং ছাত্রদলের প্রার্থী ফুটবলার কাননের মিছিল ছিল লক্ষণীয়। বিকেলে টিএসসি এলাকাও নির্বাচনী মিছিল সমাবেশে জমজমাট ছিল।